তাগিদপত্র-০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বানিজ্যিক, এলাকা, ঢাকা।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.১৬.০০৪.১৮.৬০ তারিখঃ ২৮-০১-২০২০খ্রিঃ।

**বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের প্রাক-জরিপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ এবং প্রকল্প পরিদর্শনসহ অফিস পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০২২.১৬.০০৪.১৮.৫১ ; তারিখঃ ২৫-১১-২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ) (৫)নং অনুচ্ছেদ এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ) (৫) নং অনুচ্ছেদে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ কর্তৃক প্রতি উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের গৃহীত মোট প্রকল্পের মধ্যে ন্যূনপক্ষে ১০% প্রকল্পের প্রাক-জরিপ যাচাই,পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ গ্রহণ এবং কমপক্ষে ১৫-২০% প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে যথাসময়ে প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করার নির্দেশ রয়েছে।

০২। কিন্তু চলতি অর্থ বছরের প্রায় ৭ (সাত) মাস অতিবাহিত হলেও তাঁর নিকট হতে কোন প্রতিবেদন পাওয়া যায়নি, যা উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ পালনে অবজ্ঞা প্রদর্শনের শামিল ও শাস্তিযোগ্য অপরাধ।

০৩। এমতাবস্থায়,সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক যাচিত প্রতিবেদন প্রেরণ না করার উপযুক্ত ব্যাখ্যাসহ নিয়মিতভাবে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আনিছুর রহমান)
পরিচালক (মূওপ)
ফোনঃ ৯৮৬০৫২৩

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
..................................(সকল)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সিনিয়রসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,...................................................(সকল)।
৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা প্রশাসক,........................................................(সকল)।
৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। উপজেলা নির্বাহী অফিসার,............................................জেলা...............................................।
৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, .................................জেলা...............................................।
৯। অফিস কপি।

F:\MURSHEDA\গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার.docx